WEST BENGAL BOARD

QUESTION PAPER

2024

DOWNLOAD PDF

WEST BENGAL BOARD OF SECONDARY EDUCATION

aglasem.com

Third Summative Test - 2024

B

Class - IX **Bengali** **F.M. - 90**

১. সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ— ১×১৮

১.১. "দাম" গল্পে ক্ষমাকে তুলনা করা হয়েছে যার সঙ্গে তা হল — লক্ষ্মীর ভাণ্ডার / কুবেরের ভাণ্ডার / স্নেহের ভাণ্ডার / মায়ার ভাণ্ডার।

১.২. চন্দ্রনাথের মুখের মধ্যে প্রথমেই চোখে পড়ে — বড়ো কান / মোটা নাক/ সরু ঠোঁট / টানা চোখ।

১.৩. "কামরাঙা লাল মেঘ যেন মৃত মনিয়ার মতো" — "মনিয়া" হল — এক প্রকার পাখি / এক শ্রেণির পতঙ্গ / এক প্রকার জন্তু / এক প্রকার উদ্ভিদ।

১.৪. নোঙর পড়ে গিয়েছে — বালিয়াড়িতে / তটের কিনারে / সমুদ্রের কাছে / সমুদ্রের গভীরে।

১.৫. শকুন্তলার অভিশাপ লাঘবের জন্য ঋষি দুর্বাসাকে অনুরোধ করেন — শকুন্তলা নিজে / কন্বমুনি / সখী প্রিয়ংবদা / সখী অনুসূয়া।

১.৬. স্বামীজি কাকে "ধীরামাতা" রূপে সম্বোধন করতেন — মিস ম্যাকলাউডকে / সারাবুলকে / মিসেস সেভিয়ার কে/ মিসবুলকে।

১.৭. ঢেঁকিশাকের কথা যে পত্রিকায় লেখিকা পড়েছিলেন তার নাম — হিতবাদী / মহিলা / বসুমতী / সধবা।

১.৮. হোটেলে গ্রেনফেল কত নম্বর ঘরে ছিল ? — ১০১ / ১০৩ / ১০৫ / ১০৭।

১.৯. "পিগম্যালিয়ন" নাটকটির লেখক — শেকস্‌পিয়র / জন কিটস্ / বার্নড্‌শ্ / উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থ।

১.১০. সণ্ডার্স শঙ্কুর বাক্সে মিরাকিউরল-এর পরিবর্তে যে ওষধ রাখেন তা হল — সেন্যাল / সেকোল্যান / সেকোলাইন / সেকোন্যাল।

১.১১. ছেলের দল প্রতিদিন নদীতে স্নান করতে যেত — বাক্যটিতে ক্রিয়ার কোন্ কাল বোঝাচ্ছে ? ঘটমান বর্তমান/ নিত্যবৃত্ত অতীত / ভবিষ্যৎ অনুজ্ঞা /সাধারণ বর্তমান।

১.১২. আলংকারিক অব্যয় বাক্যের — অন্বয় বা সম্পর্ক স্থাপনে ব্যবহৃত হয়/ অর্থের প্রয়োজনে ব্যবহৃত হয় / সৌন্দর্য বৃদ্ধি করে/ কোনো কাজেই লাগে না।

১.১৩. মা শিশুকে চাঁদ দেখায় — নিম্নলেখ ক্রিয়াটি — প্রযোজক ক্রিয়া / নামধাতুজ ক্রিয়া / যৌগিক ক্রিয়া / যুক্ত ক্রিয়া।

১.১৪. "গরমিল" শব্দের "গর" একটি — সংস্কৃত উপসর্গ / বাংলা উপসর্গ / বিদেশি উপসর্গ / প্রাদেশিক উপসর্গ।

১.১৫. "দ্যুলোক" শব্দটির সন্ধি বিচ্ছেদ হল — দুঃ+লোক / দিব্ + লোক / দিব + লোক / দ্যু + লোক।

১.১৬. কোন্‌টি "শানচ্" প্রত্যয় যুক্ত শব্দ নয়— জিজ্ঞাসা / দীপ্যমান / শয়ান / বর্তমান।

১.১৭. "অপিনিহিতি" শব্দের অর্থ হল — পরে স্থাপন / পরে বদল / পূর্বে স্থাপন, পূর্বে বদল।

১.১৮. মূর্খ তুমি, তাই একথা বললে – নিম্নরেখ পদটি — বিশেষণের বিশেষণ / সম্বন্ধ বিশেষণ / সর্বনামের বিশেষণ / সর্বনামীয় বিশেষণ।

২. কম-বেশি ২০টি শব্দের মধ্যে উত্তর দাও ঃ— ১×১৮

২.১. "একটা আশ্চর্য ব্যাপার দেখেছ"— আশ্চর্য ব্যাপারটা কী ?

২.২. "এইটুকু আমার নগদ লাভ"— কার, কী নগদ লাভ হয়েছিল ?

২.৩. "সারাটা দিন আপন মনে"— কী করার কথা বলা হয়েছে ?

২.৪. "নোঙর" কবিতাটি কার লেখা ?

২.৫. "ইনকিলাব" শব্দটি বাংলা সাহিত্যে প্রথম কে ব্যবহার করেছিলেন ?

২.৬. মিঃ স্টার্ডির লেখা চিঠিটি কেমন ছিল ?

২.৭. "তাই নিয়ে এলুম"— বক্তা কী নিয়ে এসেছিল ?

২.৮. চিলিয়ান জাদুকরের ম্যাজিকের বিশেষত্ব কী ছিল ?

২.৯. মণ্ডার্সের বাবার পেশা কী ছিল ?

২.১০. ঋষি দুর্বাসার অভিশাপটি কী ছিল ?

২.১১. বাক্যে প্রয়োগ করে দ্বিকর্মক ক্রিয়ার উদাহরণ দাও।

২.১২. বর্তমান অনুজ্ঞা কাকে বলে ?

২.১৩. অনুসর্গের অপর নাম কী কী ?

২.১৪. প্লুতস্বর কাকে বলে ? উদাহরণ দাও।

২.১৫. বাক্যে প্রয়োগ করে আত্মবাচক সর্বনামের উদাহরণ দাও।

২.১৬. তাড়িত ব্যঞ্জনধ্বনি কোন্ গুলি ?

২.১৭. প্রত্যয় শব্দটির সাধারণ অর্থ কী ?

২.১৮. শব্দ ও পদের মধ্যে একটি পার্থক্য লেখো।

৩. কম-বেশি ৬০টি শব্দের মধ্যে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ— ৩×১

৩.১. "তাহাদিগের অবস্থা পূর্বে ভালো ছিল"— কাদের কথা বলা হয়েছে ? তাদের অবস্থা খারাপ হল কেন ? ১+২

৩.২. "এই হলো আমার মনের কথা।"— বক্তা কে ? তার মনের কথাগুলি লেখো। ১+২

৪. কম-বেশি ৬০টি শব্দের মধ্যে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ— ৩×১

৪.১. "গাজনের বাজনা বাজা"— গাজনের বাজনা কখন বেজে ওঠে ? কবি কেন গাজনের বাজনা বাজানোর কথা বলেছেন। ১+২

৪.২. "..... প্রজা দিল রড়"— "রড়" শব্দটির অর্থ কী ? কারা, কী কারণে রড় দিয়েছেন ? ১+২

৫. কমবেশি ৬০টি শব্দের মধ্যে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ— ৩×১

৫.১. "তোমাকে একটু সাবধান করা দরকার"— কে, কাকে, কী বলে সাবধান করেছেন ? ১+১+১

৫.২. "গৃহসুখ অনুভব করিতে পারি নাই।"— বক্তা কে ? বক্তা কেন গৃহসুখ অনুভব করতে পারেনি ? ১+২

৬. কমবেশি ৬০টি শব্দের মধ্যে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ— ৩×১

৬.১. "সুতরাং রাজবাড়িতেই যাই।"— কে, কেন রাজবাড়িতে যেতে চেয়েছেন ? ১+২

৬.২. "মহারাজ এ সংবাদ শুনে খুব খুশি হবেন।"— সংবাদটি কী ? তা শুনে মহারাজের খুশি হওয়ার কারণ কী ? ১+২

৭. কমবেশি ৬০টি শব্দের মধ্যে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ— ৩×১

৭.১. "শয়তান পাখি.... কিন্তু কী অসামান্য তার বুদ্ধি।"— কোন্ প্রসঙ্গে, কার এই উক্তি ? ২+১

৭.২. "চিৎকার শুনে প্রহ্লাদ ঘরে এসে পড়েছিল।"— কার চিৎকারে প্রহ্লাদ ঘরে এসেছিল ? বক্তার চিৎকার করার কারণ কী ছিল ? ১+২

৮. কম-বেশি ১৫০টি শব্দের মধ্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ— (১টি) ৫×১

৮.১. "দুর্দান্ত চন্দ্রনাথের আঘাতে সমস্ত স্কুলটা চঞ্চল, বিক্ষুব্ধ হইয়া উঠিয়াছে।"—চন্দ্রনাথকে "দুর্দান্ত" বলার কারণ কী ? তার কোন্ আঘাতে সমস্ত স্কুলটা চঞ্চল, বিক্ষুব্ধ হয়ে উঠেছিল ? ২+৩

৮.২. "এই বিজ্ঞাপনের পেছনে অনেক সত্যকার ট্র্যাজিডি থাকে"— এই ট্র্যাজিডির পরিচয় দাও। ২+৩

৯. কমবেশি ১৫০টি শব্দের মধ্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ— (১টি) ৫×১

৯.১. "খেয়া" কবিতার মধ্যে দিয়ে যে জীবন সত্য ধরা পড়েছে তা আলোচনা করো। ৫

৯.২. "আমরা" কবিতায় বাঙালির গৌরব-গাথা যেভাবে প্রকাশিত হয়েছে তা সংক্ষেপে বর্ণনা করো। ৫

১০. কম-বেশি ১৫০টি শব্দের মধ্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ— (১টি) ৫×১

১০.১. "এ স্থলে তার একটি কথা বলে রাখা ভালো।"— কে, কোথায় এ মন্তব্য

করেছেন ? তিনি কোন্ কথাটিকে কেন বলে রাখা ভালো বলে মনে করেন ? ১+১+৩

১০.২. "ইহারা উদরান্নের জন্য পুরুষদের প্রত্যাশী নহে।"— কোন্ রচনার অন্তর্গত ? "ইহারা" কারা ? লেখিকার এমন মন্তব্যের কারণ কী ? ১+১+৩

১১. নীচের প্রশ্নগুলির কমপক্ষে ১৫০টি শব্দের মধ্যে উত্তর দাও ঃ— (১টি) ৫×১

১১.১. "তোর জীবিকা বেশ পবিত্র বলতে হয় দেখছি"— কে, কোন্ প্রসঙ্গে কথাটি বলেছেন ? উদ্দিষ্ট ব্যক্তি কী উত্তর দিয়েছিলেন ? ১+২+২

১১.২. "সখীরা মনে করেন সেই আংটিই হবে ভবিষ্যতের স্মারকচিহ্ন।"— কোন্ আংটির কথা বলা হয়েছে ? সেই আংটি কীভাবে স্মারকচিহ্ন হতে পারে ? আংটিটা কীভাবে হারিয়ে গিয়েছিল ? ২+২+১

১২. নীচের প্রশ্নগুলির কমপক্ষে ১৫০টি শব্দের মধ্যে উত্তর দাও ঃ— (১টি) ৫×১

১২.১. প্রোফেসর সঙ্কুর "মিরাকিউরল" ওষুধ আবিষ্কারের কাহিনি "স্বর্ণপর্ণী" গল্প অবলম্বনে লেখো। ৫

১২.২. "আমার মন থেকে সব অন্ধকার দূর হয়ে গেল।"— বক্তা কে ? মনের মধ্যে অন্ধকার কীসের জন্য ? তা কীভাবে দূর হয়ে গেল ? ১+২+২

১৩. নির্দেশ অনুসারে নীচের যে কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ— ৪×১

১৩.১. ভাবসম্প্রসারণ কর ঃ—

"সবার উপরে মানুষ সত্য / তাহার উপরে নাই।"

১৩.২. প্রদত্ত রচনার এক-তৃতীয়াংশ শব্দের মধ্যে সারাংশ লেখো ঃ—

"পৃথিবীতে যাহার দিকে তাকাও, দেখিবে সে নিজের অবস্থায় সন্তুষ্ট নহে। দরিদ্র কী প্রকারে ধনী হইবে, সে চিন্তায় উদ্বিগ্ন, ধনী চোর ডাকাতের ভয়ে ত্রস্ত। রাজা ভয়ে ভীত। এককথায় পৃথিবীতে এমন কেহ নাই, যে পূর্ণ সুখে সুখী। অথচ কৌতুকের বিষয় এই, — পৃথিবী ছাড়িয়া যাইতেও কেহ প্রস্তুত নহে। মৃত্যুর নাম শুনিলেই দেখি মানুষের মুখ শুকাইয়া যায়। মানুষ যতই দরিদ্র হউক, সপ্তাহের পর সপ্তাহ তাহাকে যদি অনাহারে কাল কাটাইতে হয়, পৃথিবীর কোনো আরামই তাহার ভাগ্যে থাকে না, তথাপি সে মৃত্যুকে চাহে না।"

১৩.৩ প্রদত্ত সূত্রানুসারে শীর্ষ নাম সহ গল্প রচনা করো ঃ— (১৫০টি শব্দে)

একটি গ্রামের স্কুল — ছাত্ররা নিজেরাই সিদ্ধান্ত নিল পরীক্ষার হলে কেউ পাহারা দেবে না — পরীক্ষায় কেউ লিখল, কেউ সাদা খাতা জমা দিল — কেউ অসৎ উপায় নিল না — শিক্ষকরা খুব খুশি ও গর্বিত হলেন — সব থেকে গর্ববোধ করল ছাত্ররা।

১৪. কমবেশি ৪০০টি শব্দের মধ্যে প্রবন্ধ রচনা কর ঃ— (১টি) ১০

১৪.১. বিজ্ঞানের ভালো মন্দ। ১৪.২. দেশভ্রমণ শিক্ষার অঙ্গ।

১৪.৩. গাছ আমাদের বন্ধু। ১৪.৪. বাংলার ঋতু বৈচিত্র।

— 0 —

QUESTION PAPERS

GET PREVIOUS YEAR QUESTION PAPERS FOR ALL CLASSES FOR CBSE, ISCSE, ISC AND ALL ALL STATE BOARDS HERE AT AGLASEM.COM

BOARD WISE

- Andhra Pradesh Board Question Papers
- Assam Board Question Papers
- Bihar Board Question Papers
- Chhattisgarh Board Question Papers
- Goa Board Question Papers
- Gujarat Board Question Papers
- Haryana Board Question Papers
- Himachal Pradesh Board Question Papers
- J&K State Board Question Papers
- Jharkhand Board Question Papers
- Karnataka Board Question Papers
- Kerala Board Question Papers
- Madhya Pradesh Board Question Papers
- Maharashtra State Board Question Papers
- Manipur Board Question Papers
- Meghalaya Board Question Papers
- Mizoram Board Question Papers
- Nagaland Board Question Papers
- Orissa Board Question Papers
- Punjab Board Question Papers
- Rajasthan Board Question Papers
- Tamil Nadu Board Question Papers
- Telangana State Board Question Papers
- Tripura Board Question Papers
- Uttarakhand Board Question Papers
- Uttar Pradesh (UP) Board Question Papers
- West Bengal (WB) Board Question Papers